

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
বিভাগীয় সদর দপ্তর, বিভাগীয় কমপ্লেক্স
৭ম তলা, উত্তর ইউনিট, ডাকঘর: উত্তম, রংপুর-৫৪০০।
www.coop.rangpurdiv.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৩২১.৩৩.০০১.২১-৬৬

তারিখঃ-২৫/০৩/২০২৪ খ্রিঃ

অফিস আদেশ

“সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীর বদলী প্রক্রিয়া বিকেন্দ্রীকরণ।” সেবাটি সমবায় বিভাগে অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমবায় অধিদপ্তরের ১ম শ্রেণি হতে ২য়, ৩য় ও চতুর্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীগণের বদলির নিমিত্তে ১ম শ্রেণির কর্মকর্তার ক্ষেত্রে বদলি হতে হলে সমবায় অধিদপ্তরের সুপারিশ মতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে আদেশের প্রেক্ষিতে বদলি হতে হয়। এক্ষেত্রে মাঠ পর্যায়ে পদের বিপরীতে দীর্ঘদিন অফিসারের পদ শূন্যতা বিরাজ করে, ২য় শ্রেণির কর্মকর্তার ক্ষেত্রে বদলি হতে হলে মাঠ পর্যায়ের বিভাগীয় যুগ্ম নিবন্ধক এর সুপারিশের প্রেক্ষিতে সমবায় অধিদপ্তরের আদেশে বদলি হয়, এক্ষেত্রে মাঠ পর্যায়ে অফিসারের পদ শূন্যতা বিরাজের পাশাপাশি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে জটিলতা সৃষ্টি হয়, ৩য় শ্রেণির কর্মকর্তা-কর্মচারীগণের (জেলা অডিটর, পরিদর্শক, প্রশিক্ষক, সরেজমিনে তদন্তকারী, সহকারী প্রশিক্ষক, তীত-তত্ত্বাবধায়ক, তীত বিশেষজ্ঞ, প্রধান সহকারী, উচ্চমান সহকারী, হিসাবরক্ষক, ক্যাশিয়ার, ক্যাশ সরকার) ক্ষেত্রে বদলি হতে হলে সংশ্লিষ্ট জেলার জেলা সমবায় অফিসার এর সুপারিশক্রমে বিভাগীয় যুগ্ম নিবন্ধক মহোদয় বদলি করেন, এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলায় পদ শূন্যতা থাকলে শূন্যতা পূরণে দীর্ঘ সময় লাগে। ৩য় শ্রেণির কর্মচারী (সহকারী পরিদর্শক, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক) ক্ষেত্রে বদলি হতে হলে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা সমবায় অফিসার ও জেলার জেলা সমবায় অফিসার এর সুপারিশক্রমে বিভাগীয় যুগ্ম নিবন্ধক মহোদয় বদলি করেন, ৪র্থ শ্রেণির কর্মচারী (অফিস সহায়ক) ক্ষেত্রে বদলি হতে হলে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা সমবায় অফিসার ও জেলার জেলা সমবায় অফিসার এর সুপারিশক্রমে বিভাগীয় যুগ্ম নিবন্ধক মহোদয় বদলি করেন এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলায় পদ শূন্যতা থাকলে শূন্যতা পূরণে দীর্ঘ সময় লাগে ও সমন্বয় করা সম্ভব হয় না, এক্ষেত্রে কাজের জটিলতার পাশাপাশি সেবাগ্রহীতা সেবা থেকে বঞ্চিত হন। কর্মকর্তা, কর্মচারীদের বদলি বিকেন্দ্রীকরণ করে সেবা প্রাপ্তি সহজীকরণের জন্য ‘সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীর বদলি প্রক্রিয়া বিকেন্দ্রীকরণ’ ধারণাটি সর্বসম্মতিক্রমে বর্তমান অর্থ বছরে সেবাসহজীকরণের আওতায় আনার প্রস্তাব করা হয়েছে।

বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরের “সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীর বদলী প্রক্রিয়া বিকেন্দ্রীকরণ” সেবাটি সহজীকরণ প্রস্তাব সম্বলিত পূর্ণাঙ্গ ডকুমেন্টস অনুমোদনের জন্য সমবায় অধিদপ্তরে প্রেরণ করা হয়। সমবায় অধিদপ্তরের অনুমোদনের প্রেক্ষিতে “সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীর বদলী প্রক্রিয়া বিকেন্দ্রীকরণ।” সংক্রান্ত সেবাটি প্রদান করা হবে।

সংযুক্তঃ সেবা সহজীকরণ পদ্ধতি

জেলা সমবায় অফিসার,
রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর,
ঠাকুরগাঁও, পঞ্চগড়।

মৃনাল কান্তি বিশ্বাস

যুগ্ম-নিবন্ধক

বিভাগীয় সমবায় কার্যালয়

রংপুর বিভাগ, রংপুর।

ফোনঃ ০২৫৮৮-৮১০৩৯৬

jr.rangpur@coop.gov.bd